



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৬৪১

২ পৌষ ১৪২৭
তারিখ: ১৭ ডিসেম্বর ২০২০

অফিস আদেশ

সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান না করায় এবং জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব জ্যোতিষ রঞ্জন তালুকদার ২৬/১১/২০২০খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় বর্তমানে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব সীতোষ কুমার তালুকদার প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) হিসেবে আর্থিক লেনদেনের ক্ষমতা পাওয়ার নিমিত্তে কাগজপত্রসহ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট এর মাধ্যমে অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেছেন।

উল্লিখিত আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তসমূহে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব সীতোষ কুমার তালুকদার হিসেবে আর্থিক লেনদেনের ক্ষমতা তঁর ও তার আওতাধীন সকল শিক্ষক কর্মচারীগণের বেতন ভাতাদির বিলে স্বাক্ষরসহ অন্যান্য আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হলো।

শর্ত সমূহ:-

(ক) এই দায়িত্ব তঁর নিজ দায়িত্বে অতিরিক্ত দায়িত্ব। পরবর্তীতে শূণ্য পদে প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।(খ) ট্রেজারী ও সাব ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর ক্ষমতা প্রদান করা হলো।

(গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

(ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

১৭-১২-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৬৪১/১

২ পৌষ ১৪২৭
তারিখ: ১৭ ডিসেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষাঅঞ্চল.....।
- ৩) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৪) জেলা শিক্ষা অফিসার,।
- ৫) প্রধান শিক্ষক.....।
- ৬) জনাব.....।
- ৭) সংরক্ষণ নথি।

১৭-১২-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু
সহকারী পরিচালক-১